

## যথাযথ ইংরেজী শেখা ছাড়া বিশ্বায়নের প্রতিযোগিতায় টিকে থাকা যাবে না প্রেসিডেন্ট

স্টার্ট রিপোর্টার : ঢাকার বৃটিশ কাউন্সিলে, গতকাল (মঙ্গলবার) থেকে ৪ দিনব্যাপী ইংরেজী ভাষার মেলা শুরু হয়েছে। প্রেসিডেন্ট প্রফেসর এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী গতকাল বৃটিশ কাউন্সিল মিলনায়তনে এই ইংরেজী ভাষার মেলা উদ্বোধন করে বলেন, ৭-এর পূঃ ৬-এর কঃ দেখুন

### প্রেসিডেন্ট

৮-এর পৃষ্ঠার পর।

ঐতিহাসিকভাবেই ইংরেজী ভাষা এদেশের সাথে গভীরভাবে জড়িত এবং বহু বাংলাদেশী দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজীকে ব্যবহার করে থাকেন। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে সাম্প্রতিক বছরগুলোতে ভালো মানের ইংরেজী শিক্ষার ওপর এদেশে গুরুত্ব হ্রাস পাওয়ায় আমরা জ্ঞান-বিজ্ঞান, শিক্ষা-নীক্ষা, ব্যবসা-বাণিজ্য, কর্মসংস্থান ইত্যাদি সকল ক্ষেত্রে আন্তর্জাতিক প্রতিযোগিতায় দারুণভাবে পিছিয়ে পড়েছি। আমাদের নিজেদের স্বার্থেই এই অবস্থার পরিবর্তন ঘটানোর এবং ইংরেজী ভাষা আয়ত্তের বর্তমান দুর্বল অবস্থান থেকে দ্রুত বেরিয়ে আসার আহবান জানিয়ে তিনি বলেন, যথাযথভাবে ইংরেজী শেখা ছাড়া বর্তমান বিশ্বায়নের প্রতিযোগিতায় টিকে থাকা যাবে না।

বাংলাদেশ সরকার বৃটিশ সরকারের সহযোগিতায় দেশের সকল বাংলা ও ইংরেজী মাধ্যমের স্কুলের ইংরেজী শিক্ষকদের প্রয়োজনীয় প্রশিক্ষণদানের জন্য ৩ বছর মেয়াদী একটি প্রকল্প গ্রহণের আয়োজন করতে যাচ্ছে উল্লেখ করে প্রেসিডেন্ট আরো বলেন, ইংরেজী ভাষা শিক্ষার মধ্য দিয়েই জ্ঞান অর্জনে উৎসাহীদের জন্য বিশ্বব্যাপী ব্যাপক সুযোগ-সুবিধার সৃষ্টি হয়েছে। ইংরেজী ভাষা আয়ত্ত করতে না পারলে এটি এমনভাবে সম্ভব হতো না। ইংরেজী ভাষার আন্তর্জাতিকীকরণের ফলে দূরশিক্ষা, ভাষা বিনিময় এবং জ্ঞানের আদান-প্রদান অনেক সহজতর হয়েছে মন্তব্য করে তিনি বলেন, ইংরেজী ভাষাই আজ একটি দেশের সাথে আরেকটি দেশের, সংস্কৃতির, ধর্মের, ব্যবসা-বাণিজ্য ও অর্থনীতির এমনকি রাজনৈতিক সম্পর্ক স্থাপনের মাধ্যম হয়ে দাঁড়িয়েছে। এটি আন্তর্জাতিক সহযোগিতা, আপোষ-মীমাংসা ও পারস্পরিক বোঝাপড়ারও ভাষা। ইংরেজী জানা লোকের সামনে সারাবিশ্বের দ্বার আজ অব্যাহত উল্লেখ করে তিনি বলেন, ভালো ইংরেজী জানা লোক ভালো বাংলাও জানে। ইংরেজী ভাষা শেখার জন্য তিনি স্কুল পর্যায়েই গুরুত্ব দেয়ার পরামর্শ দেন এবং এর ফলে এ দেশের শিক্ষার মানেরও উন্নতি ঘটবে বলে মন্তব্য করেন।